গবিতে ছাত্র উপদেষ্টা হিসেবে দায়িত্ব পেলেন সহযোগী অধ্যাপক শাহ আলম



সহযোগী অধ্যাপক শাহ আলম। ছবি: লেন্স এশিয়া

গণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সার্বিক বিষয় দেখভালের জন্য নতুন ছাত্র উপদেষ্টা হিসেবে দায়িত্ব পেয়েছেন মাইক্রোবায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ শাহ আলম।

মঙ্গলবার (২৮ জুলাই) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী ওহিদুজ্জামানের স্বাক্ষর করা এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, আগামী ২৯ জুলাই ২০২৬ থেকে দায়িত্ব কার্যকর হবে। দুই বছরের জন্য অর্থাৎ ২৮ জুলাই ২০২৮ পর্যন্ত তিনি এ পদে দায়িত্ব পালন করবেন। ছাত্র উপদেষ্টা হিসেবে এটিই তার প্রথম দায়িত্ব গ্রহণ।

নতুন দায়িত্ব পাওয়ার পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সহযোগী অধ্যাপক শাহ আলম বলেন, "আমার উপর আস্থা রেখে এই দায়িত্ব দেওয়ার জন্য প্রশাসনকে ধন্যবাদ। আমি দীর্ঘদিন ধরে বিশ্ববিদ্যালয়ে একাডেমিকের পাশাপাশি বিভিন্ন দায়িত্ব পালন করেছি। আমার এই দীর্ঘদিনের অভিজ্ঞতা দিয়ে আমি আশা করি এই নতুন দায়িত্ব ও সফলভাবে পালন করতে সক্ষম হবো।"

শিক্ষার্থীদের জন্য কাজ করার পরিকল্পনার কথা জানিয়ে তিনি আরো বলেন, "ছাত্র উপদেষ্টা হিসেবে শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তা, শিক্ষা, গবেষণাসহ সহ শিক্ষা কার্যক্রমের গতি আরো ঊর্ধ্বগামী করে বিশ্ববিদ্যালয়কে শিক্ষার্থীবান্ধব করে গড়ে তুলতে সর্বোচ্চ চেষ্টা করবো।বিশ্ববিদ্যালয়ের প্রশাসন, শিক্ষক, কর্মকর্তা- কর্মচারী সকলের সহযোগিতা ও সুপরামর্শ কামনা করি।"

এর আগে গণ বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা হিসেবে দায়িত্বে ছিলেন কৃষি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফজলুল করিম।